# DISTRICT SOCIAL AUDIT UNIT
# COOCH BEHAR ZILLA PARISHAD

Kalikadas Road, P.O. & Dist. – Cooch Behar, Pin – 736101, West Bengal
Phone: (03582) 222424, e-mail: sau.cbr@gmail.com, aeo.cbr@gmail.com, secyzp-cbr@nic.in

**************************************************************************************************

**Memo No. -1556 /SAU-V/1/2017-18** **Date:** 14-6-17

To,
The Block Development Officer,
Haldibari/Mekhliganj/Sitai/Sitalkuchi/Tufanganj-II Development Block,
Cooch Behar.

**Sub: *Engagement Notice of Village Resource Person (VRP)***

Enclosed please find herewith an engagement notice of the Village Resource Persons under your Block jurisdiction which is self explanatory.

You are requested to inform the Sabhapatis of your Panchayat Samities and take necessary steps to circulate the notice in all Gram Panchayats under your Block.

You are also requested to instruct the Pradhans of the Gram Panchayats under your Block jurisdiction to publish it in Gram Panchayat's Office Notice Board.

*District Nodal Officer*
*District Social Audit Unit &*
*Secretary*
*Cooch Behar Zilla Parishad*
*Cooch Behar* 14/6/17

Enclose: As stated.

**Memo No. -1556 /1(54)/SAU-V/1/2017-18** **Date:** 14-6-17

*Copy forwarded for information to:*

1. The Sabhadhipati, Cooch Behar Zilla Parishad.
2. The Director, Social Audit Unit, West Bengal.
3. The District Magistrate, Cooch Behar.
4. The Addl. District Magistrate (SA) & AEO, CZP, Cooch Behar.
5. The Addl. District Magistrate (D), Cooch Behar.

6-9. The Sub-Divisional Officer, Dinhata/Mathabhanga/Mekhliganj/Tufanganj Sub-Division.
10. The D.P.R.D.O., Cooch Behar.
11. The District Nodal Officer, MGNREGA, Cooch Behar.
12. The Sabhapati, Haldibari/Mekhliganj/Sitai/Sitalkuchi/Tufanganj-II Panchayat Samity.
13. The DIO, NIC, Cooch Behar with request to upload the notice in the Cooch Behar website.
14. The DIA, Cooch Behar Zilla Parishad with request to take necessary action to circulate the notice.
15-52. The Pradhan, all Gram Panchayats under Haldibari, Mekhliganj, Sitai, Sitalkuchi and Tufanganj-II Dev. Blocks with request to take necessary steps for display the Notice.
53. Office Notice Board.
54. Office copy.

*District Nodal Officer*
*District Social Audit Unit &*
*Secretary*
*Cooch Behar Zilla Parishad*
*Cooch Behar* 14/6/17

# জেলা সামাজিক নিরীক্ষা শাখা
## কোচবিহার জেলা পরিষদ

কালিকা দাস রোড, কোচবিহার, পশ্চিমবঙ্গ - ৭৩৬১০১

**********************************************************************************************

**স্মারক নং-** ১৫৫৩ **/SAU-V/১/২০১৬-১৭** **তারিখ:** ১৪-৬-১৭(ইং)

### ঃ বিজ্ঞপ্তি ঃ

এতদ্বারা জানানো যাচ্ছে যে, পশ্চিমবঙ্গ সরকারের রাজ্য সামাজিক নিরীক্ষা শাখার পত্রাঙ্ক 33(20)/SAU/3S/2015 তাং 14.10.2015, 362/1(20)/SAU-O/3S-06/2015 তাং 31.05.2016 এবং 1211(20)/SAU/O/3S-14/2015 তাং 23.05.2017-এর ভিত্তিতে কোচবিহার জেলার অন্তর্গত **হলদিবাড়ি, মেখলিগঞ্জ, সিতাই, শীতলকুচি** এবং **তুফানগঞ্জ-২** ব্লকের সামাজিক নিরীক্ষার **"গ্রামীণ সম্পদ কর্মী"** পদে নির্বাচনের (এই নির্বাচন কোনো স্থায়ী বা অস্থায়ী চাকরীর নিশ্চয়তা দেয় না) জন্য যোগ্যতা সম্পন্ন ইচ্ছুক স্থানীয় ব্যক্তিগণের থেকে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে।

উক্ত ব্লকগুলির জন্য সর্বাধিক মোট শূন্য পদের সংখ্যা ঃ **৩৮০ জন** (প্রত্যেক গ্রাম পঞ্চায়েত পিছু সর্বাধিক ১০ জন করে)।

| | | | |
|---|---|---|---|
| হলদিবাড়ি ব্লক | ঃ ৬০ জন | মেখলিগঞ্জ ব্লক | ঃ ৮০ জন |
| সিতাই ব্লক | ঃ ৫০ জন | শীতলকুচি ব্লক | ঃ ৮০ জন |
| তুফানগঞ্জ-২ ব্লক | ঃ ১১০ জন | | |

<u>যোগ্যতা ঃ</u>

১. প্রার্থীর বয়স ০১/০১/২০১৭ তারিখে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ প্রার্থীর জন্মতারিখ অবশ্যই ০১/০১/১৯৮২ থেকে ০১/০১/১৯৯৯ -এর মধ্যে হতে হবে।
২. প্রার্থীকে অবশ্যই ন্যূনতম ৫০ শতাংশ নম্বরসহ পশ্চিমবঙ্গ সরকারের অধীনস্ত যেকোনো শিক্ষা প্রতিষ্ঠান থেকে নিয়মিত পরীক্ষার্থী হিসেবে মাধ্যমিক/সমতুল্য পাশ হতে হবে।
৩. প্রার্থীকে অথবা তার পরিবারের কোনো সদস্য/সদস্যাকে অবশ্যই এম.জি.এন.আর.ই.জি.এ. প্রকল্প (১০০ দিনের কাজ) -এ কাজ করে থাকতে হবে।
৪. প্রার্থী কোনো জনপ্রতিনিধি বা সরকারী কর্মচারী হবেন না এবং প্রার্থীকে রূপায়ণকারী সংস্থার দপ্তরের কাজের সাথে সম্পর্কযুক্ত হওয়া চলবে না।
৫. উক্ত ব্লকগুলির অন্তর্গত গ্রাম পঞ্চায়েতের বাসিন্দা ছাড়া অন্য কেউ আবেদনের যোগ্য নয় অর্থাৎ আবেদনকারীকে সংশ্লিষ্ট ব্লকের স্থায়ী বাসিন্দা হতে হবে।
৬. একজন প্রার্থী কেবলমাত্র নিজের ব্লকের একটি পদের জন্য আবেদন করতে পারবেন।
৭. প্রার্থীকে অবশ্যই শারীরিকভাবে সক্ষম হতে হবে।

প্রাধান্য ঃ

১. আবেদনকারী মহিলা তফশিলী জাতি বা তফশিলী উপজাতি হলে অগ্রাধিকার দেওয়া হবে।
২. আবেদনকারী স্বনির্ভর দলের সদস্য/সদস্যা হলে অগ্রাধিকার দেওয়া হবে।
৩. 'সামাজিক নিরীক্ষা' কাজের পূর্ব অভিজ্ঞতা থাকলে এবং উপরিউক্ত অন্যান্য শর্তাবলী পূরণ করলে অগ্রাধিকার দেওয়া হবে।

**নির্বাচন পদ্ধতি ঃ**

১. মাধ্যমিক/সমতুল্য পরীক্ষায় পাওয়া নম্বরের ভিত্তিতে প্রতি গ্রাম পঞ্চায়েত থেকে সর্বাধিক প্রথম ২০ জনকে লিখিত ও মৌখিক পরীক্ষার জন্য আহ্বান করা হবে।
২. সম্পূর্ণ পরীক্ষা পদ্ধতির পূর্ণমান ঃ ৫০ নম্বর :-

   [ক) মাধ্যমিক/সমতুল্য - **৩০** নম্বর, মাধ্যমিক/সমতুল্য পরীক্ষায় পাওয়া নম্বরকে ৩০ নম্বরের ভিত্তিতে রূপায়িত করা হবে, উদাহরণ :- মোট নম্বর ৮০০, প্রাপ্ত নম্বর ৭০০ হলে তিনি পাবেন (৭০০ x ৩০)/ ৮০০ = ২৬.২৫, খ) মহিলা তফশিলী জাতি বা তফশিলী উপজাতি - **০১** নম্বর গ) স্বনির্ভর গোষ্ঠীর সদস্য/সদস্যা হলে - **০২** নম্বর, ঘ) সামাজিক নিরীক্ষার কাজের অভিজ্ঞতা - **০২** নম্বর, ঙ)লিখিত পরীক্ষা - **১০** নম্বর, এবং চ) মৌখিক পরীক্ষা - **০৫** নম্বর]
৩. সম্পূর্ণ নির্বাচন পদ্ধতিতে পাওয়া নম্বরের ভিত্তিতে চূড়ান্ত মেধা তালিকা প্রস্তুত করা হবে এবং উক্ত ব্লকগুলির প্রত্যেক গ্রাম পঞ্চায়েত থেকে সর্বাধিক ১০ জন প্রার্থী নির্বাচন করা হবে।
৪. উত্তীর্ণ প্রার্থীদের নিজের গ্রাম পঞ্চায়েত ব্যতীত সংশ্লিষ্ট ব্লকের অন্য যেকোনো গ্রাম পঞ্চায়েতে কাজ দেওয়া হবে।

**আবেদন পদ্ধতি ঃ**

১. আবেদন হবে শুধুমাত্র অনলাইনে। আবেদন করবেন **www.coochbehar.gov.in** ওয়েবসাইটে প্রদত্ত নির্দিষ্ট **link** -এ।
২. আবেদনকারীকে অনলাইন আবেদনপত্রের সমস্ত ক্ষেত্র যথাযথভাবে পূরণ করতে হবে। অসম্পূর্ণ তথ্য প্রদানকারীদের আবেদন বাতিল করা হবে। ভুল তথ্য প্রদান করলে তার দায়িত্ব প্রার্থীর।
৩. আবেদন প্রক্রিয়া শুরু হবে ১৬.০৬.২০১৭ (ইং) তারিখে এবং শেষ হবে ২২.০৬.২০১৭ (ইং) তারিখের রাত্রি ১২ টায়।
৪. একজন প্রার্থী কেবলমাত্র একবারই আবেদন করবেন। প্রয়োজনে অনলাইনে লিপিবদ্ধ তথ্যাদি সংশোধন করতে পারবেন, সেক্ষেত্রে আবেদন করার পর **প্রাপ্ত পাসোয়ার্ডটি অবশ্যই সংরক্ষণ করতে হবে।**
৫. অনলাইন আবেদনপত্রের প্রথম ভাগ পূরণ করার পর **Submit** করবেন এবং তারপর দ্বিতীয় ভাগে JPEG ফরম্যাটে Scan করা ছবি ও সই Upload করবেন। ছবি ও সই -এর পরিমাপ সর্বাধিক যথাক্রমে ৫০ kb ও ৩০ kb হতে হবে।

**পরীক্ষার দিন নথিপত্র নিরীক্ষণের জন্য সাথে আনতে হবে ঃ**

১. বয়সের প্রমাণ স্বরূপ মাধ্যমিক/সমতুল্য পরীক্ষার Admit Card -এর আসল ও তার স্ব-প্রত্যয়িত প্রতিলিপি।
২. স্থায়ী বাসিন্দার প্রমাণ স্বরূপ ভোটার কার্ড/আধার কার্ড/রেশন কার্ডের আসল ও তার স্ব-প্রত্যয়িত প্রতিলিপি।
৩. শুধুমাত্র মাধ্যমিক/সমতুল্য পরীক্ষার মানপত্র (Mark sheet) -এর আসল ও তার স্ব-প্রত্যয়িত প্রতিলিপি।
৪. আবেদনকারীর অথবা তার পরিবারের কোনো সদস্য/সদস্যার এম.জি.এন.আর.ই.জি.এ. প্রকল্প (১০০ দিনের কাজ) -এ কাজ করার প্রমাণস্বরূপ আসল জবকার্ড ও তার প্রথম ও দ্বিতীয় পৃষ্ঠার স্ব-প্রত্যয়িত প্রতিলিপি এবং যথাযথভাবে পূরণ করা **"সংযোজনী ১"**।
৫. মহিলা তফশিলী জাতি বা তফশিলী উপজাতি হলে জাতিগত শংসাপত্র (Caste Certificate) -এর আসল ও তার স্ব-প্রত্যয়িত প্রতিলিপি।
৬. স্ব-নির্ভর দলের সদস্য/সদস্যা হলে তার প্রমাণের আসল ও তার স্ব-প্রত্যয়িত প্রতিলিপি এবং যথাযথভাবে পূরণ করা **"সংযোজনী ২"**।
৭. "সামাজিক নিরীক্ষা" কাজের পূর্ব অভিজ্ঞতা থাকলে তার প্রমাণের আসল ও তার স্ব-প্রত্যয়িত প্রতিলিপি। এক্ষেত্রে শুধুমাত্র সমষ্টি উন্নয়ন আধিকারিক কর্তৃক প্রদত্ত শংসাপত্র/অন্য কোনো দস্তাবেজকেই মান্যতা দেওয়া হবে।

**গুরুত্বপূর্ণ তারিখসমূহ ঃ**

১. আবেদন করার শেষ সময় ও তারিখ : ২২.০৬.২০১৭ (ইং) রাত্রি ১২ টা পর্যন্ত।
২. যোগ্য প্রার্থীদের নাম এবং Admit Card প্রকাশের তারিখ : ২৮.০৬.২০১৭ (ইং)
৩. **লিখিত ও মৌখিক পরীক্ষা এবং নথিপত্র নিরীক্ষণ করার তারিখ : ০২.০৭.২০১৭ (ইং)**
৪. উত্তীর্ণ প্রার্থীদের তালিকা প্রকাশের তারিখ : ০৫.০৭.২০১৭ (ইং)

**বিশেষ দ্রষ্টব্য ঃ**

১. লিখিত পরীক্ষায় বাংলাতে অথবা বাংলা ও ইংরাজী উভয় ভাষাতেই প্রতিবেদন লেখার দক্ষতা যাচাই করা হবে এবং মৌখিক পরীক্ষার বিষয় মূলতঃ পঞ্চায়েত ব্যবস্থা, মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মসুনিশ্চয়তা প্রকল্প (MGNREGA), প্রধানমন্ত্রী আবাস যোজনা-গ্রামীণ (PMAY-G) এবং জাতীয় সামাজিক সহায়তা প্রকল্প (NSAP)।
২. উক্ত নির্বাচন কোনো স্থায়ী বা অস্থায়ী চাকরীর নিশ্চয়তা দেয় না এবং এই পদের জন্য নির্দিষ্ট কোনো পারিশ্রমিক নেই। পারিশ্রমিক কাজের দিন সংখ্যার সাথে সম্পর্কযুক্ত। বর্তমানে দিন প্রতি একজন এম.জি.এন.আর.ই.জি.এ. প্রকল্পের দক্ষ শ্রমিকের পারিশ্রমিক দেওয়া হবে।
৩. নির্বাচিত প্রার্থীদের ২০১৭-১৮ আর্থিকবর্ষে ১৫ দিন কাজ দেওয়া হবে।
৪. নির্বাচকমন্ডলীর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য করা হবে।
৫. **উক্ত শর্তাবলীর কোনো একটি পূরণ না হলে আবেদন বাতিল বলে গণ্য হবে।**

ই. তালুকদার

*জেলা নোডাল আধিকারিক*
*জেলা সামাজিক নিরীক্ষা শাখা এবং*
*সচিব*
*কোচবিহার জেলা পরিষদ*
*কোচবিহার*

সংযোজনী - ১

## স্ব-ঘোষিত শংসাপত্র

আমি শ্রী/ শ্রীমতি ................................................................. পিতা/ মাতা/ স্বামী ........................................................ গ্রাম ......................................... ডাকঘর ........................................... গ্রাম পঞ্চায়েত ................................................ ব্লক ......................................... জেলা - কোচবিহার -এর স্থায়ী বাসিন্দা এবং এই মর্মে ঘোষণা করছি যে, আমার পরিবারের জব কার্ডের নম্বর WB-..................................................... এবং আমার পরিবার MGNREGA প্রকল্পের কাজে একটি সক্রিয় পরিবার হিসাবে যুক্ত আছে। আমি নিম্নে স্বাক্ষরকারী/স্বাক্ষরকারিনী হিসাবে আরো ঘোষণা করছি যে, বর্তমানে আমি কোনোপ্রকার সরকারী কর্মচারী হিসাবে অথবা গ্রাম পঞ্চায়েত/পঞ্চায়েত সমিতি/জেলা পরিষদের সদস্য/সদস্যা হিসাবে অথবা MGNREGA প্রকল্পের সুপারভাইজার পদে কোনোভাবেই কর্মরত নই।

উপরিউক্ত তথ্য কোনোরূপভাবে ভুল প্রমাণিত হলে আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে এই বিষয়ে আমি জ্ঞাত।

তারিখ:

(স্বাক্ষর)

---

সংযোজনী - ২

## স্ব-নির্ভর দলের দলনেতা/দলনেত্রীর দ্বারা প্রদত্ত শংসাপত্র

আমি নিম্ন স্বাক্ষরকারী/স্বাক্ষরকারিনী এই মর্মে ঘোষনা করছি যে, শ্রী/ শ্রীমতি ........................................................................ পিতা/ মাতা/ স্বামী .......................................................... গ্রাম ................................ ডাকঘর ................................ গ্রাম পঞ্চায়েত ................................................ ব্লক ...................................... জেলা - কোচবিহার -এর স্থায়ী বাসিন্দা এবং আমার ................................................................................... দলের সাথে ................বছর .................. মাস যাবৎ একজন সক্রিয় সদস্য/সদস্যা হিসাবে যুক্ত আছেন।

তারিখ:

(সিলমোহর সহ দলনেতা/ দলনেত্রীর স্বাক্ষর)